

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ১৬, ২০০৮

নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ১৬ অক্টোবর ২০০৮ খ্রিস্টাব্দ/১ কার্তিক ১৪১৫বঙ্গাব্দ

এস, আর, ও, নং ২৮১-আইন/২০০৮।—স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) অধ্যাদেশ,
২০০৮ (২০০৮ সনের ১৬ নং অধ্যাদেশ) এর ধারা ১২১ এর উপ-ধারা (১) এর দফা (খ) তে প্রদত্ত
ক্ষমতাবলে নির্বাচন কমিশন, সিটি কর্পোরেশন (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০০৮ এ নিম্নরূপ
সংশোধন করিল, যথা ৪—

উপরিউক্ত বিধিমালার—

১। বিধি ২ এর দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা ৪—

“(ক) ‘নির্বাচন’ অর্থ কোন সিটি কর্পোরেশনের মেয়ার বা কাউন্সিলর পদে নির্বাচন বা উপ-
নির্বাচন;”

(৬২৬৭)

মূল্য : টাকা ২.০০

২। বিধি ৬ এর উপ-বিধি (১) এর—

(ক) দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(খ) কোন প্রার্থী বা তাহার পক্ষে অন্য কেহ কোন নির্বাচনী সভা আয়োজন করিতে চাহিলে প্রস্তাবিত সভার দিন, তারিখ, সময় ও স্থান উল্লেখপূর্বক সংশ্লিষ্ট এলাকার পুলিশ কমিশনার বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন পুলিশ কর্মকর্তাকে উক্ত নির্বাচনী সভা আয়োজনের অন্যুন ২৪ ঘন্টা পূর্বে লিখিতভাবে অবহিত করিতে হইবে;”;

(খ) দফা (ঘ) এ উল্লিখিত ‘পুলিশ’ শব্দটির পরিবর্তে ‘পুলিশের’ শব্দটি প্রতিস্থাপিত হইবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মুহম্মদ হুমায়ুন কবির
সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।